# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023

মাধ্যমিক স্তর ; পর্যায় 2
শ্রেণি ; একাদশ এবং দ্বাদশ



আগস্ট 2024

অক্টোবর 1946

© জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, 2024

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের সচিব কর্তৃক শ্রী অরবিন্দ মার্গ , নয়াদিল্লী - 110016 তে অবস্থিত প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত এবং পুষ্পক প্রেস প্রাইভেট লিমিটেড, বি -3/1, অখলা ইন্ডাসট্রিয়াল এরিয়া, ফেজ-2, নয়াদিল্লী - 110020 থেকে মুদ্রিত।

# মুখবন্ধ

সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য প্রকল্প অধিকর্তা মহাশয়ের 15/05/25 তারিখের 374/Pedagogy/PBSSM/2024-25 নং পত্র অনুসারে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিদ্যালয়ের মধ্যবর্তী, মাধ্যমিক (প্রথম ও দ্বিতীয় পর্যায়) স্তরে ব্যবহারের জন্য ভারতীয় ন্যায় সংহিতা (BNS) 2023, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) 2023, ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) 2023 এই তিনটি নতুন আইন সংক্রান্ত শিক্ষা বিষয়ক নয়টি মডিউল বাংলায় অনুবাদ করার দায়িত্ব পায়। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ এর মাননীয়া অধিকর্তা মহাশয়ার তত্ত্বাবধানে ও সম্পাদনায় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের গবেষক শ্রী সুব্রত কুমার বিশ্বাস ও শ্রীমতী পারমিতা বালা বিশ্বাসের সঞ্চালনায় সম্পন্ন ব্যক্তিদের দ্বারা সংক্ষিপ্ত সময়ের মধ্যে স্পষ্ট ও সহজ বাংলায় মডিউলগুলির অনুবাদ কার্য সুসম্পন্ন হয়েছে। এই কাজে যুক্ত সকল ব্যক্তির আন্তরিকতা, অধ্যাবসায় ও পেশাদারিত্ব কাজটি যথাসময়ে শেষ করতে সাহায্য করেছে। অনুবাদ কার্যের জন্য যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ এর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। এই সম্মিলিত প্রচেষ্টার ফলস্বরূপ শিক্ষার্থীদের কাছে নতুন আইনগুলির জ্ঞান সরল ও বোধগম্য রূপে উপস্থাপন করা সম্ভব হবে।

**ড: ছন্দা রায়**
অধিকর্তা
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প. ব.)

# বাংলা তর্জমার বিশেষজ্ঞ মণ্ডলী

1. শ্রী গৌতম ভট্টাচার্য, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
2. শ্রীমতী অনসূয়া রায়চৌধুরী, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
3. শ্রীমতী উমাবতী হেমব্রম, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - সহ সহকারী সঞ্চালক
4. শ্রী সৌরভ মণ্ডল, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, উত্তর ২৪ পরগণা
5. শ্রী তমাল কৃষ্ণ ভোঁড়, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, মুর্শিদাবাদ
6. ডঃ প্রদীপ কুমার বসু, প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), হিন্দু স্কুল, কলকাতা
7. শ্রী সুমন শুর, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বর্ধমান
8. এস কে আস্রফ আলী, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, ঝাড়গ্রাম
9. শ্রীমতী নন্দিতা দত্ত, বরিষ্ঠ অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বাঁকুড়া
10. ডঃ চন্দন মিশ্র, প্রধান শিক্ষক, রঘুনাথপুর নফর একাডেমি (উঃ মাঃ), অভয়নগর, হাওড়া
11. ডঃ কৌস্তভ ভট্টাচার্য, সহযোগী অধ্যাপক, বাবা সাহেব আম্বেদকর শিক্ষা বিশ্ববিদ্যালয়
12. ডঃ সোমনাথ চ্যাটার্জী, প্রধান শিক্ষক, চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির (ফরাসি বিভাগ)
13. শ্রী সন্দীপন ঘোষ, অধ্যাপক, ধর্মদা সরকারী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, নদীয়া
14. শ্রী অভিজিৎ দাসগুপ্ত, ভারপ্রাপ্ত শিক্ষক, নারায়ণপুর উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), উত্তর ২৪ পরগণা

# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা , 2023




মাধ্যমিক স্তর : পর্যায় 2

শ্রেণি: একাদশ এবং দ্বাদশ

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

# নাগরিকদের ক্ষমতায়ন



এমন একটি পৃথিবী কল্পনা কর যেখানে নারী ও মেয়েরা নিগ্রহ ও উৎপীড়নের থেকে ভয়মুক্ত হয়ে স্বাধীনভাবে চলাফেরা করতে পারে, গুরুত্বপূর্ণভাবে, যেখানে ন্যায়বিচার কোনো দূরাগত স্বপ্ন নয় বরঞ্চ সময়োচিত বাস্তবতা ; যেখানে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সাম্য হল প্রথা। যা প্রয়োজন তা হল আশার আলো, নিরাপত্তার প্রতিশ্রুতি এবং ন্যায়বিচারের দিশা। এমন কোনো আইন আছে কি যা এই গভীরভাবে প্রোথিত সমস্যাগুলিকে সম্বোধন করতে পারে যেগুলি দীর্ঘদিন ধরে আমাদের সমাজের উদ্বেগের কারণ ? তোমরা কি কোথাও এই ধরনের কোনো আইন সম্পর্কে পড়েছ? চল, আমরা সেই আশা ও বিশ্বাস রাখি যে এই ধরনের আইন প্রত্যেক নারী ও মেয়ে যে স্বাধীনতা ও সুরক্ষার অধিকারী সেই সংক্রান্ত সমস্ত আশঙ্কাকে সম্বোধন করবে। চলো আমরা এই মডিউলটিকে খুঁটিয়ে দেখি এবং ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, 2023 [ Bharatiya Nagarik Suraksha Sanhita (BNSS), 2023] সম্পর্কে আরও জানতে এখানে প্রদত্ত কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করি।



## শিখন ফলাফল

এই নথিটিকে খুঁটিয়ে পড়ার পর, শিক্ষার্থী সক্ষম হবে-

- BNSS 2023 এবং তার প্রধান বৈশিষ্টাবলী বুঝতে।
- 1973 এর ফৌজদারি প্রক্রিয়া সংহিতার সাথে BNSS 2023-'র তুলনা ও পার্থক্যকীকরণ করতে।
- লিঙ্গ সংবেদনশীল দৃষ্টিকোণ থেকে সংহিতাকে বিশ্লেষণ করতে।
- নাগরিক সুরক্ষা ও নিরাপত্তার উপর সমর্পিত পদ্ধতিগত কাঠামোকে পরীক্ষা করতে।





ভারত সরকার সাম্প্রতিককালে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS), 2023 জারি করেছিল। এই সংহিতা সামাজিক, আর্থিক এবং রাজনৈতিক ন্যায়ের প্রতি দায়বদ্ধতাকে কার্যকরী করতে সহায়তা করবে। এছাড়াও, এটি দেশের সমস্ত নাগরিকের জন্য সমতা ও বন্ধুত্বকে সুনিশ্চিত করতেও সহায়তা করবে।এই সংহিতা ভারতীয় সংবিধানে উল্লেখিত মৌলিক কর্তব্যগুলির প্রচারেও সহায়তা করবে। মহিলাদের জন্য অমর্যাদাকর প্রথাগুলিকে পরিত্যাগ করে; ধার্মিক, ভাষাগত এবং ক্ষেত্রীয় ও শ্রেণিগত বিবিধতাকে পেরিয়ে, ভারতের আপামর জনগণের মধ্যে ভ্রাতৃত্ববোধের ভাবনা ছড়িয়ে দিতে এটি সহায়তা করবে।




চিত্র 1: ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, (BNSS), 2023 নতুন কি রয়েছে ?





ন্যায়শাস্ত্রের ক্ষেত্রে, ভারতে আইনপ্রণালীতে এটি একটি বড় সংস্কার। এটি ,মূলতঃ ভারতীয় ফৌজদারী আইন ব্যবস্থাকে সহজসাধ্য ও আধুনিক করতে এবং সমকালীন সমাজের প্রতি অধিক প্রতিক্রিয়াশীল করতে চেষ্টা করে।

এই সংহিতা একটি ঐতিহাসিক পদক্ষেপ কেননা এটি ঔপনিবেশিক প্রভাবকে কাটাতে চেষ্টা করে এবং সামাজিক আদান-প্রদানের বিভিন্ন ক্ষেত্র যথা পরিবার, সার্বজনিক স্থান, বিদ্যালয়গুলিতে ঘটে যাওয়া সমস্ত রকমের অপরাধকে কমাতে আইনকে নিবারক হিসাবে তৈরি করে। ফৌজদারী মামলায় প্রযুক্তির ব্যবহারে, ক্ষতিগ্রস্ত ব্যক্তিকেন্দ্রিক নিরাপত্তাব্যবস্থাকে শক্ত করতে এবং আইনি প্রক্রিয়াগুলির সরলীকরণে BNSS সহায়তা কর। এই সংহিতা অভিযুক্তের অধিকারকে রক্ষা করতে চায়, যথা নির্দোষতার অনুমান এবং আইনি প্রতিনিধিত্বের অধিকার। এছাড়াও ক্ষতিপূরণ, এক ছাদের সঙ্কটকেন্দ্র, নিরাপত্তা আধিকারিক, পরামর্শদাতা, এবং আশ্রয়স্থলের মাধ্যমে পুনর্বাসনে BNSS গুরুত্ব আরোপ করে।




চিত্র ২: আন্তবিষয় পরিপ্রেক্ষিতে BNSS

## BNSS- 2023 - এর বিবর্তন

- BNSS ১৯৭৩ সালের ফৌজদারি কার্যবিধিকে (CrPC) প্রতিস্থাপন করে।



- ভারতে আইনি ব্যবস্থার বহুত্বের সমস্যা সমাধানের জন্য 1861 সালে প্রথমবার CrPC অনুমোদিত হয়। 1973 সালে, পূর্বতন আইনটি বর্তমান CrPC দ্বারা প্রতিস্থাপিত হয় এবং বিভিন্ন পরিবর্তন যথা, আগাম জামিন, প্রভৃতি, চালু করা হয়। 2005 সালে আবেদনের দরকষাকষি (plea bargaining) এবং গ্রেপ্তারকৃত ব্যক্তিদের অধিকারের ব্যবস্থা, এই জাতীয় পরিবর্তনগুলি যোগ করার জন্য এটি সংশোধন করা হয়েছিল। নির্ভয়া মামলা দ্বারা প্রভাবিত হয়ে, 2013 সালের সংশোধনী, যৌন হিংসার বিরুদ্ধে আরও কঠোর আইন প্রবর্তন করে, বিচারের প্রক্রিয়া ত্বরান্বিত করে এবং ভুক্তভোগীদের সুরক্ষার ব্যবস্থা উন্নত করে। 2018 সালের সংশোধনীটি যৌন অপরাধের জন্য শাস্তি বৃদ্ধি এবং শিশুদের সুরক্ষার জন্য ব্যপক ব্যবস্থাপনা আন্তর্ভুক্ত করে এই বিধানগুলিকে আরও শক্তিশালী করেছে, যার মধ্যে এই ধরনের মামলাগুলির জন্য দ্রুত রায়দানের আদালত (Fast-Track Courts) তৈরী রয়েছে।
- BNSS হল ভারতে মূল ফৌজদারি আইনের প্রশাসন পদ্ধতির প্রধান আইন।
- BNSS CrPc র বিধানগুলিকে অনেকাংশেই সংরক্ষণ করে, যদিও, এর লক্ষ্য হল ফৌজদারি প্রক্রিয়া সহজ করা, বিচারের সময়কাল হ্রাস করা, বিভিন্ন প্রক্রিয়ার জন্য সময়সীমা বাস্তবায়ন করা, ইত্যাদি।

আমলযোগ্য (Cognisable) অপরাধ হল এমন গুরুতর অপরাধ যার জন্য পুলিশ পরোয়ানা (warrant) ছাড়া গ্রেফতার করতে পারে, কিন্তু আমলযোগ্য অপরাধ কম গুরুতর এবং গ্রেফতার করার জন্য পরোয়ানার প্রয়োজন হয়।

অপরাধকে জামিনযোগ্য এবং জামিনঅযোগ্য হিসাবে শ্রেণিভুক্ত করা হয়, যেখানে অভিযুক্তকে তার অধিকার হিসাবে অথবা আদালতের বিবেচনায় জামিনে মুক্ত করা যাবে কিনা নির্ধারণ করা হয়।

- এটির মধ্যে অপরাধগুলিকে আলাদা করার ব্যবস্থা আছে যথা বিবেচনাযোগ্য (cognizable) এবং বিবেচনা অযোগ্য (non cognizable)। উপরন্তু, অপরাধের প্রকৃতি যথা, জামিনযোগ্য এবং জামিন অযোগ্য।

## যুক্তি

এই গুরুত্বপূর্ণ ঘোষণায় বলা হয়েছে যে এই সংহিতা এমন প্রক্রিয়াগুলির প্রবর্তন করে যা নাগরিকদের স্বার্থকে বিবেচনা করে যারা পরিস্থিতির বৈচিত্র্যের কারণে অপরাধের শিকার হয় যা কিনা ব্যক্তিদের শারীরিক ও মানসিক সুস্থতা কে প্রভাবিত করে। এই সংহিতা উপস্থাপনের কারণ হল সময়মতো ন্যায়বিচার প্রদান করা যাকে বিলম্বিত বা অস্বীকৃত করা না যেতে পারে। এই প্রেক্ষিতে, কিছু গুরুত্বপূর্ণ ঘটনাকে প্রেক্ষাপট হিসাবে উল্লেখ করা হচ্ছে।


একটি মামলাকে বিবেচনাযোগ্য (cognizable) মামলা হিসাবে মানা হবে যখন সেটি দুই বা অধিক অপরাধের সাথে সম্পর্কিত হবে যার মধ্যে ন্যূনতম একটি বিবেচনাযোগ্য।





## BNSS- এর মুখ্য বৈশিষ্ট্যাবলী



| ক্রমিক নং | BNSS |
|---|---|
| 1 বিচারাধীনের আটকাদেশ  | BNSS যোগ করেছে যে এই বিধানটি নিম্নলিখিত পরিস্থিতিতে প্রযজ্য হবে নাঃ<br>(ক) যাবজ্জীবন কারাদন্ডযোগ্য অপরাধসমূহ।<br>(খ) যে সকল ব্যক্তির বিরুদ্ধে একাধিক অপরাধের মামলা বিচারাধীন আছে। |
| 2 ডাক্তারি পরীক্ষা  | শর্ত দেয় যে যে কোনও পুলিশ আধিকারীক এই ধরনের পরীক্ষার জন্য অনুরোধ করতে পারেন। |
| 3 ফরেন্সিক তদন্ত  | ন্যূনতম 7 বছরের জন্য কারাদন্ডে দন্ডনীয় অপরাধের ক্ষেত্রে BNSS ফরেনসিক তদন্তের নিদান দেয়। ফরেনসিক সাক্ষ্য সংগ্রহ করতে এবং সেই প্রক্রিয়াটি মোবাইল ফোন বা অন্য কোনো বৈদ্যুতিন যন্ত্রে রেকর্ড করতে ফরেনসিক বিশেষজ্ঞরা অপরাধ স্থল পরিদর্শন করবেন। |
| 4 হস্তাক্ষর এবং আঙুলের ছাপ  | BNSS এটিকে প্রসারিত করে আঙুলের ছাপ এবং কণ্ঠস্বরের নমুনা অর্ন্তভুক্ত করার জন্য; এটি এই নমুনাগুলিকে এমন এক ব্যক্তির কাছ থেকে সংগ্রহ করার অনুমতি দেয় যাকে গ্রেপ্তার করা হয়নি। |





| ক্রমিক নং | BNSS |
| --- | --- |
| 5 সাক্ষীদের সুরক্ষা  | সাক্ষীরা ন্যায়বিচার প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কারন তারা আদালতকে মূল্যবান তথ্য সরবরাহ করে। তাদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং সম্ভাব্য ক্ষয়ক্ষতি বা ভয়ভীতি থেকে তাদের রক্ষা করার জন্য, BNSS একটি সাক্ষ্য নিরাপত্তা প্রকলন (Witness Protection Scheme) চালু করেছে। রাজ্য সরকারগুলিকে এই প্রকল্পের খসড়া তৈরি এবং তা অবহিত করার দায়িত্ব দেওয়া হয়েছে। |
| 6 মনোনীত পুলিশ আধিকারিক  | প্রতিটি জেলা এবং থানায় ন্যূনতম উপ-নিরীক্ষক পদমর্যাদার পুলিশ আধিকারীককে নিযুক্ত করা হবে। তাদের দায়িত্ব হবে গ্রেপ্তার হওয়া সকল ব্যক্তির নাম, ঠিকানা এবং অভিযোগের নথি রাখা। এই তথ্য সমস্ত পুলিশ থানা এবং জেলা সদরদফতরে স্পস্টভাবে প্রদর্শিত হবে, সম্ভবত ডিজিটাল মাধ্যমে। |
| 7 অডিও-ভিডিও ইলেকট্রনিক মাধ্যম এবং ইলেকট্রনিক সঞ্চারের সংজ্ঞাসমূহ  | নির্দিস্ট কিছু শব্দ স্পস্ট করার জন্য BNSS ২০২৩- এ নতুন সংজ্ঞা চালু করা হয়েছে। 'অডিও-ভিডিও ইলেকট্রনিক মাধ্যম' এখন ইলেকট্রনিক যোগাযোগের প্রেরণ, এবং অন্যান্য উদ্দেশ্যে রাজ্য সরকারের নিয়ম দ্বারা চিহ্নিত ভিডিও কনফারেন্সিং, রেকর্ডিং পদ্ধতিগুলি যথা - সনাক্তকরন, অনুসন্ধান এবং বাজেয়াপ্তকরন বা প্রমানকে অন্তর্ভুক্ত করে। |
| 8 বিচার এবং কার্যধারা ইলেকট্রনিক প্রণালীতে আয়োজন করতে হবে  | BNSS সমস্ত আইনি কার্যধারাকে ইলেকট্রনিকভাবে সঞ্চালিত করতে সক্ষম করে। এর মধ্যে রয়েছে সমন ও আদেশ জারি করা, পেশ করা, এবং সম্পাদন করা, আভিযোগকারী এবং সাক্ষীদের পরীক্ষা, তদন্ত ও বিচারের তথ্য সংরক্ষন করা, ইলেকট্রনিক মাধ্যম বা অডিও-ভিডিও মাধ্যম উত্তরবিচারকারী (appellate) বা অন্যান্য কার্যধারাকে সম্পাদন করা। |





| S. No. | BNSS |
|---|---|
| 9 সমনের ইলেকট্রনিক পেশ  | ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS)-2023 এর অধীনে, সমন ইলেকট্রনিক ভাবে পেশ করা যেতে পারে, হয় গুপ্তলিখন (ENCRYPTED) রূপে বা অন্য কোনো ইলেকট্রনিক সঞ্চালন পদ্ধতিতে। বিশ্বাসযোগ্যতা এবং আইনি বৈধতা সুনিশ্চিত করতে, ইলেকট্রনিক সমনে বিচারালয়ের সীলমোহর বা ডিজিটাল সই অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে। |
| 10 ক্ষতিগ্রস্ত ব্যক্তিকেন্দ্রিক দৃষ্টিকোণ  | নতুন আইনগুলিতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকেন্দ্রিক দৃষ্টিকোণ বিচারব্যবস্থার দক্ষতা, সমতা, এবং দায়িত্ব বাড়ানোর উপর প্রবল জোর দেয়। অংশগ্রহণের অধিকার এবং তথ্যের বর্ধিত অধিকার প্রদান করে, এটি ফৌজদারী কার্যধারায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রয়োজনীয় অংশীদার হিসাবে স্বীকৃতি দেয়। এই সংস্কারগুলি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রয়োজনীয় অংশীদার হিসাবে স্বীকৃতি দেয়। এই সংস্কারগুলি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের চাহিদা ও অধিকার ও সুযোগ সহ ফৌজদারী বিচার ব্যবস্থার কেন্দ্রীয় চরিত্রে পরিণত হতে পারে। |

## BNSS- এর অধীনে গুরুত্বপূর্ণ পদ্ধতিসমূহ

ক একটি অপরাধের তথ্য ইলেকট্রনিক মাধ্যমে পাঠানো যেতে পারে BNSS একটি স্বীকৃত অপরাধের (একটি গুরুতর অপরাধ যার উপর পুলিশ কোনো আদেশ ছাড়াই কাজ করতে পারে) তথ্য ইলেকট্রনিক মাধ্যমে পাঠানোর অনুমতি দেয়।

বেআইনী আটক রুখতে পুলিশ আধিকারিকদের গ্রেফতারিকৃত ব্যক্তিকে 24 ঘন্টার মধ্যে ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করতে হবে।

এখানে বলা হল যে এটি কিভাবে কাজ করেঃ

- ইলেকট্রনিক মাধ্যমে তথ্য জমা: একটি অপরাধের বিষয়ে তথ্য পুলিশের কাছে ইলেকট্রনিক মাধ্যমে (যেমন ফোন বা ওয়েবসাইট) পাঠানো যেতে পারে।
- স্বাক্ষর : তথ্য যেখানে ইলেকট্রনিক মাধ্যমে পাঠানো হয়, সেটিকে 3 দিনের মধ্যে সই করতে হবে।
- FIR - এর অনুলিপি (copy) : তথ্য নিবন্ধনের (reporting) পর, পুলিশ তথ্যদাতা বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে FIR- 'র একটি অনুলিপি বিনামূল্যে প্রদান করবে।
- মহিলাদের জন্য বিশেষ মামলা : যৌন অপরাধের ক্ষেত্রে অবশ্যই একজন মহিলা পুলিশ আধিকারিক বা যেকোনো মহিলা আধিকারিককে বয়ান নথিভুক্ত করতে হবে।
- পুলিশ প্রত্যাখ্যানের বিষয়ে নালিশ : FIR নথিভুক্ত করতে একজন পুলিশ আধিকারিক অস্বীকার করলে, সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ বা ম্যাজিস্ট্রেটের কাছে একটি আবেদন করা যেতে পারে।





## খ শূন্য FIR (জিরো FIR ) :-

একটি শূন্য FIR (জিরো FIR) হল সেই FIR যেটি অপরাধ সংঘটনের নির্দিষ্ট এলাকা নির্বিশেষে যে কোন পুলিশ স্টেশনে নথিভুক্ত করা যায়। এটি তারপরে অপরাধ সংঘটন ক্ষেত্রের বিচারবিভাগীয় দায়িত্বপ্রাপ্ত পুলিশ স্টেশনে স্থানান্তরিত করা হয়। একটি গুরুত্বপূর্ণ অপরাধের খবর পাওয়ার পর পুলিশ সঙ্গে সঙ্গে শূন্য FIR নথিভুক্ত করবেন। এটি সুনিশ্চিত করে যে তদন্ত প্রক্রিয়া বিলম্ব না করে শুরু হতে পারে।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা বা BNSS এর অধীনে প্রত্যেক অভিযুক্ত ব্যক্তির অধিকার আছে আইনী সহায়তা পাওয়ার। এটি সুনিশ্চিত করে একটি নিরপেক্ষ বিচার।

## গ ক্ষতিগ্রস্ত (ভিকটিম) কে তদন্তের অগ্রগতির প্রতিবেদন বা রিপোর্ট দেওয়া।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023 ( BNSS-2023 ) অনুযায়ী ক্ষতিগ্রস্তদের অধিকার আছে তাঁদের কেসের অগ্রগতি সম্পর্কে অবহিত থাকার।

এর মধ্যে আছে প্রথম FIR নথিভুক্ত হওয়ার দিন থেকে 90 দিনের মধ্যে কেসের অগ্রগতির সমন্ধে একটি প্রতিবেদন বা রিপোর্ট পাওয়ার অধিকার। এই রিপোর্টের মধ্যে থাকবে তদন্তের সমন্ধে তথ্যসমূহ, গ্রেফতারির তথ্য এবং অপরাধমূলক ঘটনা বা কেস সম্পর্কিত প্রাসঙ্গিক অগ্রগতিমূলক বিবরণ। স্বচ্ছতা বজায় রাখার জন্য এবং আইনি প্রক্রিয়ায় ক্ষতিগ্রস্তদের বিশ্বাসকে সুনিশ্চিত করার জন্য ক্ষতিগ্রস্তদের অবহিত রাখা প্রয়োজনীয়।

BNSS এর অধীনে যদি নির্দিষ্ট সময়ের মধ্যে তদন্ত শেষ না হয় তাহলে অভিযুক্ত বেল পাওয়ার অধিকারী হবে।

## ঘ পুলিশের দ্বারা অনুসন্ধান এবং আটক-

BNSS এর অধীনে যখন পুলিশ অনুসন্ধান করেন অথবা কোনকিছুকে প্রামাণ্য রূপে গ্রহণ করেন তখন তাঁদের এটির ভিডিও রাখতে হয় এবং তাঁদের ফোন বা ক্যামেরা ব্যবহার করে ছবি তুলতে হয়।এর দ্বারা সুনিশ্চিত হয় যে প্রতিটি বিষয় ঠিকঠাকভাবে করা হচ্ছে এবং কোন কিছুই অলক্ষ্যে থেকে যাচ্ছে না। এই সমস্ত নথি বা রেকর্ডিং এবং ফোটো তারপরে স্থানীয় ম্যাজিস্ট্রেটকে যাচাই করার জন্য পাঠানো হয় এবং নিশ্চিত করা হয় যে প্রত্যেকটি বিষয় আইনানুযায়ী করা হয়েছে।

BNSS অনুসারে যৌন অপরাধে ক্ষতিগ্রস্থদের পরিচিতি গোপন রাখতে হয় যাতে দাগিয়ে দেওয়া না হয়।





## ঙ গ্রেফতার হওয়া ব্যক্তির অধিকারসমূহ:-

- গ্রেফতার হওয়া ব্যক্তির অধিকারসমূহকে BNSS প্রসারিত করে। নিম্নলিখিত অধিকারসমূহ BNSS প্রদান করেছে:-

> একজন মহিলাকে ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া সূর্যোদয়ের পূর্বে বা সূর্যাস্তের পরে গ্রেফতার করা যায় না।

- যখন একজন পুলিশ কর্মকর্তা কাউকে গ্রেফতার করেন তখন তাঁর কাছে একটি পরিচয় পত্র থাকবে যার মধ্যে লেখা থাকবে তাঁর নাম এবং পদমর্যাদা।
- যাঁকে গ্রেফতার করা হয়েছে তাঁর অধিকার আছে একজন উকিলকে পাওয়ার জন্য অনুরোধ করার।
- অত্যন্ত জটিল পরিস্থিতি সৃষ্টি না হলে একজন মহিলা পুলিশ অফিসারই একজন মহিলাকে গ্রেফতার করবেন।
- নিয়মিত অপরাধী বা গুরুতর অপরাধীদের গ্রেফতার করার সময় হাতে হাতকড়া (হ্যান্ডকাফ) পরানো যেতে পারে।
- গ্রেফতার করা ব্যক্তিকে বলতে হবে কেন তাঁকে গ্রেফতার করা হচ্ছে আর তাঁকে জানাতে হবে যে তাঁর অপরাধের ক্ষেত্রে প্রযোজ্য হলে তিনি বেল পেতে পারেন।
- গ্রেফতার করা ব্যক্তির মনোনীত কোন ব্যক্তিকে বা আত্মীয়কে পুলিশ গ্রেফতারী এবং কোথায় ঐ ব্যক্তিকে রাখা হচ্ছে সে সম্পর্কে অবহিত করবেন।
- গ্রেফতার করা ব্যক্তিকে একজন চিকিৎসা -বিভাগের প্রতিনিধিকে দিয়ে পরীক্ষা করাতে হবে।
- যদি গ্রেফতার করা ব্যক্তি একজন মহিলা হন তাহলে চিকিৎসা -বিভাগের মহিলা প্রতিনিধিকে দিয়ে ঐ মহিলাকে পরীক্ষা করাতে হবে।
- যদি সমন ছাড়া কাউকে গ্রেফতার করা হয় তাহলে তাঁকে ম্যাজিস্ট্রেটের কাছে 24 ঘন্টার মধ্যে উপস্থিত করাতে হবে।

## চ তদন্ত শেষ হবার পর পুলিশ কর্মকর্তার (অফিসার) প্রতিবেদন (রিপোর্ট/চার্জশীট/চালান):-


একটি অপরাধমূলক ঘটনার তদন্তকারী পুলিশ কর্মকর্তাকে তাঁর তদন্তের প্রতিবেদন (রিপোর্ট) নির্দিষ্ট সময়ের মধ্যে পেশ করতে হবে; এক্ষেত্রে কোনও অপ্রয়োজনীয় বিলম্ব যাতে না হয় সেই বিষয়টি সুনিশ্চিত করতে হবে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023 অথবা যৌন অপরাধ থেকে শিশু সুরক্ষা আইন-2012 (প্রোটেকশন অফ চিল্ড্রেন ফ্রম সেক্সুয়াল অফেন্সেস অ্যাক্ট 2012 ) অনুযায়ী মেয়েদের বিরুদ্ধে কোন অপরাধ সংঘটিত হলে অপরাধ নথিভুক্ত করার 60 দিনের মধ্যে তদন্ত সম্পূর্ণ করতে হবে। এই রিপোর্ট বা প্রতিবেদনের মধ্যে তদন্ত কিভাবে করা হয়েছে, কী কী প্রমাণ সংগৃহীত হয়েছে এবং পুলিশ কর্মকর্তার কাছে প্রেরিত হয়েছে সবকিছুই অনুপুঙ্খভাবে লিখিত থাকবে। উপরন্তু প্রতিবেদন বা রিপোর্টের একটি অনুলিপি অভিযুক্তকে দিতে হবে, এটি তাঁর অধিকার।

> একটি পূর্বানুমানভিত্তিক বেল (bail) দেওয়া যেতে পারে যদি একজন ব্যক্তি গ্রেফতারির আশঙ্কা করেন। এর মাধ্যমে তিনি গ্রেফতারি এড়াতে পারেন।





# ফৌজদারী অপরাধের ন্যায় বিচারের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্হাপনা




চিত্র:3 - অপরাধমূলক বিষয়গুলির/ঘটনাগুলির বিচারের জন্য ন্যায়ালয়গুলির পর্যায়ক্রম





## ক্যুইজ :-

1. ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার (BNSS), 2023 মুখ্য উদ্দেশ্যগুলি কী কী?

(a) অর্থনৈতিক বৃদ্ধিকে বিকশিত করা,

(b) ব্যক্তি সুরক্ষা ও নিরাপত্তাকে বৃদ্ধি করা

(c)শিক্ষার উন্নয়ন ঘটানো

(d)পরিকাঠামোর উন্নতি করা

(উঃ – b)

2. BNSS-2023 কে কার্যকরী করার জন্য কোন সরকারী সংস্থা দায়বদ্ধ?

(a)শিক্ষামন্ত্রক

(b) স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রক

(c)আইন এবং বিচার মন্ত্রক

(d) প্রতিরক্ষা মন্ত্রক (উঃ – c)

3. BNSS এর অধীনে সর্বাধিক কত সময় একজন অভিযুক্তকে একজন ম্যাজিস্ট্রেটের আদেশ ব্যতীত পুলিশ হেফাজতে রাখা যেতে পারে?

(a) 24 ঘন্টা

(b) 48 ঘন্টা

(c) 72 ঘন্টা

(d) 7 দিন

(উঃ – a)





4. BNSS এর অধীনে কে একটি অভিযোগ দায়ের করতে পারেন?

(a) যে কোনও ব্যক্তি

(b) শুধুমাত্র পুলিশ কর্মকর্তা বা অফিসারগণ

(c) শুধুমাত্র সরকারী কর্তাব্যক্তিগণ

(d) শুধুমাত্র অভিযুক্ত

(উঃ - a)

5. BNSS, 2023 কোন আইনকে প্রতিস্থাপিত করেছে ?

(a) ভারতীয় দণ্ডবিধি -1860

(b) ফৌজদারী প্রক্রিয়া বিধি(CrPC),1973

(c) ভারতীয় প্রমাণ আইন, 1872 (The Indian Evidence Act,1972)

(d) অনৈতিক পাচার (নিবারণকারী)আইন ,1956

[Immoral Traffic (Prevention) Act 1956]

(উঃ -b)

6. ‘সমন’ কী ?

(a) কোর্টে উপস্থিত হওয়ার নির্দেশ

(b) জরিমানা দেওয়ার নির্দেশ

(c) গ্রেফতার করার নির্দেশ

(d) সম্পত্তি ক্রোক করার নির্দেশ


(উঃ -a)





## কেস/ অপরাধ মূলক ঘটনা অনুশীলন (কেস স্টাডি )

নতুন ফৌজদারী আইনসমূহ মহিলাদের সুরক্ষা ও মর্যাদাকে সুনিশ্চিত করার জন্য কিছু বিশেষ ব্যবস্থা রেখেছে। এর মধ্যে কয়েকটিকে তুমি সংবাদপত্রের নিবন্ধে ও বিজ্ঞাপনে পড়তে পারবে।




উৎস: টাইমস অফ ইন্ডিয়া 13ই জুলাই, 2024

সংবাদপত্রের এই বিষয়টি পড়ার পর তুমি নিম্নলিখিত ক্ষেত্রগুলির উপর আরো তথ্য সংগ্রহ করতে পারবে।

ক) ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতায় নারীদের জন্য কি কি ব্যবস্থা রাখা হয়েছে?

খ) একটি e-FIR  নথীভুক্ত করার পদ্ধতির উপর 1000 শব্দের একটি প্রবন্ধ লেখ।

গ) ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা সম্বন্ধে সচেতনতা বৃদ্ধির জন্য একটি বাণী (Message)লেখ।

ঘ) নিজের ও সঙ্গীদের সুরক্ষাকে আরো শক্তিশালী করার জন্য একটি ‘যা করতে হবে’ ও ‘যা করা যাবে না’ তার একটি তালিকা প্রস্তুত করো।

ভারতে সংঘটিত অপরাধগুলি নীতি নির্ধারকদের বিদ্যমান আইনগুলিকে পর্যালোচনা করতে এবং যথাযথ কিছু পরিবর্তন আনতে প্ররোচিত করে- যাতে সকল নাগরিকের মর্যাদা আর ভালো থাকার অধিকার বিকশিত হয়। তোমার হয়তো জানতে ইচ্ছা করবে একটি কারণ যে কেন সংহিতা প্রয়োজনীয় হয়ে পড়েছিল গণতান্ত্রিক মূল্যবোধ নির্মাণে যাতে ব্যক্তি ও সমষ্টির মর্যাদা সুরক্ষিত থাকে।

## সক্রিয়তাসমূহ

**কেস -।।**

**সংক্ষিপ্ত নির্যাস: মানব শরীরকে ক্ষতিগ্রস্ত করা অপরাধসমূহ:-**

ভারতীয় দণ্ডবিধি অনুসারে নিবন্ধীকৃত মোট অপরাধের 32.5 শতাংশ হল (11,58,815) দৈহিক ক্ষতি করার অপরাধ। এটি হল 2022 সালের হিসাব। এর মধ্যে 6, 27, 676 টি কেস হল আঘাতের জন্য। সর্বাধিক - নথিভুক্ত কেস হল আঘাতজনিত 54.2 । এরপরেই হল অবহেলাজনিত মৃত্যুর জন্য কেস 1,59,096 (54.2%) আর তারপরে হল অপহরণ ও জোর করে ধরে নিয়ে যাওয়ার জন্য কেস (1,07,588 টি কেস- 9.3%)। 2021 সালের থেকে 2022 সালে দৈহিক আঘাতজনিত কেসের বা নথিভুক্ত অপরাধমূলক ঘটনা বৃদ্ধি পেয়েছে 5.3%। 2021সালে ছিল 11,00,425 টি। এবং অপরাধের মাত্রা 2021 সালের থেকে 2022 সালে বৃদ্ধি পেয়েছে-80.5% থেকে 84%।

সক্রিয়তা:- অপরাধের মাত্রা বদ্ধি পাওয়ার কারণগুলি ব্যাখা করে তমি একটি লিখন প্রস্তত করতে পারো।

**মহিলাদের বিরুদ্ধে অপরাধ:-**

২০২২ সালে সর্বসমেত 4,45,256 টি মহিলাদের বিরুদ্ধে অপরাধ সম্পর্কিত কেস নথিভুক্ত হয়। 2021 সালের তুলনায় এই ক্ষেত্রে 2022 সালে 4 শতাংশ (অর্থাৎ 4,28,278 টি কেস) বৃদ্ধি হয়েছে। ভারতীয় দণ্ডবিধির অধীনে নথিভুক্তF মহিলাদের বিরুদ্ধে হওয়া এই সমস্ত অপরাধের ক্ষেত্রে বেশীরভাগ হল স্বামী বা আত্মীয়দের নিষ্ঠুরতা (31.4%)। এরপরে ক্রমান্বয়ে আছে মহিলাদের অপহরণ এবং জোর করে ধরে নিয়ে যাওয়া (19.2% ), শ্লীলতাহানির জন্য মহিলাদের উপর আক্রমণ (18.7%) এবং ধর্ষণ (7.1%)। 2022 সালে দেখা গেছে প্রতি 1 লক্ষ মহিলার মধ্যে 66.4% এর উপর অপরাধ নথিভুক্ত হয়েছে- যে হিসাব হল 2021 সালে 64.5% ।

সক্রিয়তা:-
একটি প্রকল্প নেওয়া যেতে পারে যার মধ্যে বিশেষ গুরুত্ব দেওয়া হবে বিভিন্ন রাজ্যে এবং কেন্দ্রশাসিত অঞ্চলে মহিলাদের উপর সংঘটিত অপরাধের উপর এবং সেইগুলির নির্নায়ক বিষয়গুলির (ডায়াগনিস্টিক ফ্যাক্টরস) উপর।

সক্রিয়তা:-
সেই সমস্ত উদাহরণস্বরূপ মহিলা যাঁরা প্রতিবন্ধকতাসমূহের মোকাবিলা করেছেন এবং নিজেদের অবদানের দ্বারা ছাপ/ চিহ্ন রেখে গেছেন তাঁদের উপর স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্রের উপযোগী চিত্রনাট্য প্রস্তুত করা।





**শিশুদের বিরুদ্ধে অপরাধ:-**

শিশুদের বিরুদ্ধে হওয়া মোট 1,62,449 টি অপরাধের কেস 2022 সালে নথিভুক্ত হয়েছিল; এক্ষেত্রে 2021 সালের ( 1,49,404 টি কেস নথিভুক্ত) তুলনায় 8.7% বৃদ্ধি দেখা গেছে। শতকরার হিসাবে শিশুদের বিরুদ্ধে সংঘটিত প্রধান অপরাধগুলির ক্রমান্বয়ী পর্যায় ছিল - অপহরণ ও জোর করে ধরে নিয়ে যাওয়া (45.7%), যৌন অপরাধ থেকে শিশু সুরক্ষা আইন (2012) এর আওতাভুক্ত অপরাধ শিশু ধর্ষণ সহ (39.7%)। 2022 সালে প্রতি লক্ষ শিশুর সাপেক্ষে নথিভুক্ত অপরাধ ছিল 36.6% যা 2021 সালে ছিল 33.6%।

সক্রিয়তা
বিভিন্ন পরিবেশ থেকে আসা শিশুরা যারা বড় হয়ে ওঠার দিনগুলিতে হিংস্রতার সম্মুখীন হয়েছে তাদের নিয়ে/উপরে তুমি কেস স্টাডি বা ঘটনাক্রমের পর্যালোচনা তৈরি করতে পারো। তুমি সামাজিকভাবে বঞ্চিত গোষ্ঠীগুলির (SDGs) শিশুদের, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের (CWSNs) অথবা তৃতীয় লিঙ্গের (Transgenders) শিশুদের এইক্ষেত্রে অন্তর্ভুক্ত করতে পারো।

**আইনের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হওয়া নাবালকগণ**

নাবালকদের দ্বারা সংঘটিত 2022 সালে মোট 30,555 টি অপরাধমূলক ঘটনা নথিভুক্ত হয়েছে। 2021 সালের 31,170 টি কেসের তুলনায় 2022 সালে এই ধরনের ঘটনা 2% কমেছে। অপরাধ সংঘটনের হার 2021 সালের তুলনায় 2022 সালে 7 থেকে 6.9 এ নেমে এসেছে।

30,555 টি কেসের প্রেক্ষিতে 37,780 জন নাবালককে গ্রেফতার করা হয়। 2022 সালে এর মধ্যে 33,261 জন নাবালককে ভারতীয় দণ্ডবিধি (IPC) এর অধীনে এবং 4519 নাবালককে SLL এর অধীনে আটক করা হয়।

2022 সালে আইনের সঙ্গে সংঘর্ষকারী বেশীরভাগ নাবালক (যারা IPC ও SLL এর অধীনে আটক হয়েছে) এর বয়স হল 16 থেকে 18 বৎসরের মধ্যে 78.6% (মোট আটক 37,780 জনের মধ্যে 29,690 জন)।

সক্রিয়তা:-
আইনের সঙ্গে **সংঘর্ষে লিপ্ত** হওয়া নাবালকগণ এবং তাদের সংশোধনের জন্য উপলব্ধ আইনী ব্যবস্থাপনা বিষয়ে তুমি একটি বিস্তৃত প্রবন্ধ লিখতে পারো।

**অর্থনৈতিক অপরাধসমূহ**

সর্বসমেত 1,93,385 অপরাধমূলক ঘটনা বা কেস অর্থনৈতিক অপরাধ রূপে 2022 সালে নথিভুক্ত হয়েছে যা 2021 সালের 1,74,013 কেসের তুলনায় 11.1% বেশী। তিন ধরনের নির্দিষ্ট শ্রেণিভুক্ত অর্থনৈতিক অপরাধের [ফৌজদারী বিশ্বাস ভঙ্গ, প্রতারণা-ঠকানো-জালিয়াতি (FCF) এবং অর্থ /নোট জাল করা] উল্লেখ বেশী পাওয়া যায়। FCF (প্রতারণা -ঠকানো-জালিয়াতি) র কেস সর্বাধিক -1,70,901 টি কেস । সংখ্যাগত দিক দিয়ে এরপরে আছে ফৌজদারী বিশ্বাস ভঙ্গের কেস-21,814 টি। আর সংখ্যাগতভাবে তারপরে আছে অর্থ /নোট জাল করার কেস - 670 টি কেস।





সক্রিয়তা:-
গত এক মাসে সংবাদপত্রে অর্থনৈতিক অপরাধের উপর যে প্রবন্ধগুলি প্রকাশিত হয়েছে সেগুলি সংগ্রহ করতে পারো এবং সেইগুলি বিশ্লেষণ কর। এই বিষয়ের উপর একটি প্রতিবেদন তৈরি করা যেতে পারে।

**সাইবার অপরাধসমূহ:-**

2022 সালে মোট 65,893 টি সাইবার অপরাধের কেস নথিভুক্ত হয়েছে। 2021 সালের নথিভুক্ত কেসের (52,974 টি কেস) তুলনায় 2022 সালে 24.4% বৃদ্ধি হয়েছে। এই শ্রেণির অধীনে 2021 সালে মাত্রা যেখানে ছিল 3.9 সেখানে 2022 সালে মাত্রা হয়েছে 4.8 । 2022 সালের নথিভুক্ত সাইবার অপরাধগুলির মধ্যে প্রতারণার কেস ছিল 64.8% (মোট প্রতারণার কেস 65893 মধ্যে 42,710)। সংখ্যাগতভাবে এর পরে ছিল সাইবার মাধ্যমে জোর করে টাকা বা সম্পদ ছিনিয়ে নেওয়ার কেস 3,648 কেস যা সাইবার অপরাধের 2022 সালের মোট কেসের 5.5% । সংখ্যাগতভাবে তৃতীয় স্থানে ছিল সাইবার মাধ্যমে যৌন নিগ্রহের কেস 5.2% (3,434 টি) ।

সক্রিয়তা:-
সাইবার অপরাধগুলি নির্দেশ করে তুমি একটি তালিকা প্রস্তুত করতে পারো। তোমার প্রতিবেশে এবং বিদ্যালয়ে এর প্রভাব কতটা উল্লেখ করতে পারো। সরকার এবং তোমার বিদ্যালয় কর্তৃক এর মোকাবিলা করার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ হয়েছে?

তথ্যসূত্র:

Crime in India 2022, Statistics volume 1, National Crime Records Bureau (Ministry of Home Affairs) Govt. of India. National Highway-18, Mahipalpur, New Delhi-10037.








আইন ও আমরা

## চিন্তন

(ক) ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা -2023 হল ব্যক্তিদের মর্যাদার বিকাশের জন্য একটি স্তম্ভ - এর উপরে একটি গভীর অনুধাবনের অনুশীলনী বা কেস স্টাডি তৈরী কর।

(খ) সংহিতার মূল উপাদানগুলিকে বিশেষ গুরুত্ব দিয়ে পোস্টার, তালিকা বা চার্ট, দৃশ্য-শ্রাব্য উপকরণ প্রস্তুত কর।

## পিতা মাতাগণের উদ্দেশ্যে বক্তব্য

আপনারা ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা - 2023 টি পড়তে পারেন এবং ঔপনিবেশিক আইনগুলির সঙ্গে এর পার্থক্য বিষয়ে নিজেদের অবহিত করতে পারেন। আপনারা আপনাদের শিশুদের এই বিষয়গুলি জানাতে পারেন। তাদেরকে আপনারা অবহিত করাতে পারেন যে এই সংহিতা ক্ষতিগ্রস্তদের প্রতি নিবিষ্ট , প্রযুক্তি - বান্ধব। বেদনাহতরা যাতে অবিলম্বে বিচার পান তার প্রশাসনিক ব্যবস্থাপনা নির্মাণে এই সংহিতা জোর দেয়। আপনি এর মধ্যে থাকা প্রতিরোধমূলক প্রকৌশল বা উপায়গুলির উপর গুরুত্ব দিতে পারেন যাতে আমাদের শিশুদের আমরা আইন-মান্যকারী নাগরিক হিসেবে শিক্ষিত করতে পারি এবং একটি অনুকুল পরিবেশ সৃষ্টিতে সাহায্য করতে পারি যেখানে শিশুরা তাদের বন্ধু দের সঙ্গে এবং অন্যদের সঙ্গে মিথস্ক্রিয়া করবে। শিশুরা যেন অন্যদের মৌলিক অধিকারগুলিকে মান্য করে এবং সহমত নির্মাণে বিশ্বাসী হয়। তারা যেন অন্যদের অবদানকে মূল্য দেওয়ার মত সদর্থক কাজ করে।




তথ্যসুত্র:-

1. Srivastava, Gouri, et.al,2024-25, Legal Literacy Handbook for Curriculum Developers (Unpublished), NCERT, New Delhi, under Publication.

2. The Gazette of India, The Bharatiya Nagarik Suraksha Sanhita, 2023 No.46 of 2023.



राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING